কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
উপকরণ-২ শাখা
www.moa.gov.bd

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০০৯.২৩.১৮২

তারিখ : ২৩ জ্যৈষ্ঠ ১৪৩০ / ০৬ জুন ২০২৩

প্রাপকঃ চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।

**বিষয় : ২০২২-২৩ অর্থবছরে প্রণোদনা কর্মসূচির আওতায় নারিকেল চারা বিতরণ বাবদ ৫৬২.৫০ লক্ষ (পাঁচ কোটি বাষট্টি লক্ষ পঞ্চাশ হাজার) অর্থ ছাড়করণ ও অগ্রিম উত্তোলণের সরকারি মঞ্জুরি আদেশ।**

**সূত্র: কৃষি মন্ত্রণালয়ের পুন:উপযোজন সংক্রান্ত জিও নং ১২.০০.০০০০.০২৬.৩৮.০০৯.২৩.১৮১ তারিখ ০৬ জুন ২০২৩ খ্রি.**

মহোদয়,

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকমূলে পুন:উপযোজনের পরিপ্রেক্ষিতে, ২০২২-২৩ অর্থবছরে এ মন্ত্রণালয়ের বাজেটের '১২০০০৬৫০৫- কৃষি পুনর্বাসন সহায়তা' খাতের বরাদ্দকৃত ৫০০০০.০০ লক্ষ (পাঁচশত কোটি) টাকার মধ্যে '৩২৫১১০৯- বীজ ও চারা' উপখাতে হতে ৫৫০.০০ লক্ষ (পাঁচ কোটি পঞ্চাশ লক্ষ) ও '৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান' উপখাতে হতে ১২.৫০ লক্ষ (বারো লক্ষ পঞ্চাশ হাজার) অর্থাৎ সর্বমোট ৫৬২.৫০ লক্ষ (পাঁচ কোটি বাষট্টি লক্ষ পঞ্চাশ হাজার) টাকার নারিকেল চারা বিনামূল্যে কৃষকদের মাঝে বিতরণের জন্য নিম্নে বর্ণিত ০২ নং অনুচ্ছেদের বিভাজন, ০৩ নং অনুচ্ছেদে সংযুক্ত 'বাস্তবায়ন পদ্ধতি' এবং ০৪ নং অনুচ্ছেদে উল্লিখিত শর্তাবলী ও প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধানের আলোকে ব্যয় করার জন্য ২১ টি জেলার জেলা প্রশাসক এবং সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন কমিটির অনুকূলে এতদ্বারা অর্থছাড় ও অগ্রিম উত্তোলনের সরকারি মঞ্জুরি নির্দেশক্রমে জ্ঞাপন করা হল।

০২। ২০২২-২৩ অর্থবছরে নারিকেল চারার উৎপাদন বৃদ্ধির জন্য চারা বিতরণ সহায়তা প্রদান কর্মসূচির জেলাভিত্তিক উপকারভোগী কৃষক ও অর্থ বিভাজন:

| ক্র: নং | জেলার নাম | উপকারভোগী কৃষকের সংখ্যা | চারার পরিমান (সংখ্যা) | উপকরণের ব্যয় (লক্ষ টাকা) | | | | মোট বরাদ্দ (লক্ষ টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | '৩২৫১১০৯- বীজ ও চারা' | '৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান' | | | |
| | | | | চারা | পরিবহন ব্যয় | আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত ব্যয় | মোট অন্যান্য অনুদান | |
| ১ | চট্টগ্রাম | ৫০০০ | ২৫০০০ | ২৭.৫০০ | ০.৩৭৫ | ০.২৫০ | ০.৬২৫ | ২৮.১২৫ |
| ২ | কক্সবাজার | ৫০০০ | ২৫০০০ | ২৭.৫০০ | ০.৩৭৫ | ০.২৫০ | ০.৬২৫ | ২৮.১২৫ |
| ৩ | নোয়াখালী | ৫০০০ | ২৫০০০ | ২৭.৫০০ | ০.৩৭৫ | ০.২৫০ | ০.৬২৫ | ২৮.১২৫ |
| ৪ | ফেনী | ৫০০০ | ২৫০০০ | ২৭.৫০০ | ০.৩৭৫ | ০.২৫০ | ০.৬২৫ | ২৮.১২৫ |
| ৫ | লক্ষীপুর | ৫০০০ | ২৫০০০ | ২৭.৫০০ | ০.৩৭৫ | ০.২৫০ | ০.৬২৫ | ২৮.১২৫ |
| ৬ | চাঁদপুর | ৫০০০ | ২৫০০০ | ২৭.৫০০ | ০.৩৭৫ | ০.২৫০ | ০.৬২৫ | ২৮.১২৫ |
| ৭ | যশোর | ৪০০০ | ২০০০০ | ২২.০০০ | ০.৩০০ | ০.২০০ | ০.৫০০ | ২২.৫০০ |
| ৮ | খুলনা | ৬০০০ | ৩০০০০ | ৩৩.০০০ | ০.৪৫০ | ০.৩০০ | ০.৭৫০ | ৩৩.৭৫০ |
| ৯ | বাগেরহাট | ৫০০০ | ২৫০০০ | ২৭.৫০০ | ০.৩৭৫ | ০.২৫০ | ০.৬২৫ | ২৮.১২৫ |
| ১০ | সাতক্ষীরা | ৫০০০ | ২৫০০০ | ২৭.৫০০ | ০.৩৭৫ | ০.২৫০ | ০.৬২৫ | ২৮.১২৫ |
| ১১ | নড়াইল | ৪০০০ | ২০০০০ | ২২.০০০ | ০.৩০০ | ০.২০০ | ০.৫০০ | ২২.৫০০ |
| ১২ | বরিশাল | ৬০০০ | ৩০০০০ | ৩৩.০০০ | ০.৪৫০ | ০.৩০০ | ০.৭৫০ | ৩৩.৭৫০ |
| ১৩ | পটুয়াখালী | ৫০০০ | ২৫০০০ | ২৭.৫০০ | ০.৩৭৫ | ০.২৫০ | ০.৬২৫ | ২৮.১২৫ |
| ১৪ | পিরোজপুর | ৫০০০ | ২৫০০০ | ২৭.৫০০ | ০.৩৭৫ | ০.২৫০ | ০.৬২৫ | ২৮.১২৫ |
| ১৫ | ঝালকাঠি | ৪০০০ | ২০০০০ | ২২.০০০ | ০.৩০০ | ০.২০০ | ০.৫০০ | ২২.৫০০ |
| ১৬ | বরগুনা | ৫০০০ | ২৫০০০ | ২৭.৫০০ | ০.৩৭৫ | ০.২৫০ | ০.৬২৫ | ২৮.১২৫ |
| ১৭ | ভোলা | ৫০০০ | ২৫০০০ | ২৭.৫০০ | ০.৩৭৫ | ০.২৫০ | ০.৬২৫ | ২৮.১২৫ |
| ১৮ | ফরিদপুর | ৪০০০ | ২০০০০ | ২২.০০০ | ০.৩০০ | ০.২০০ | ০.৫০০ | ২২.৫০০ |
| ১৯ | গোপালগঞ্জ | ৪০০০ | ২০০০০ | ২২.০০০ | ০.৩০০ | ০.২০০ | ০.৫০০ | ২২.৫০০ |

| ক্র: নং | জেলার নাম | উপকারভোগী কৃষকের সংখ্যা | চারার পরিমান (সংখ্যা) | উপকরণের ব্যয় (লক্ষ টাকা) | | | | মোট বরাদ্দ (লক্ষ টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | '৩২৫১১০৯- বীজ ও চারা' | '৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান' | | | |
| | | | | চারা | পরিবহন ব্যয় | আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত ব্যয় | মোট অন্যান্য অনুদান | |
| ২০ | মাদারীপুর | ৪০০০ | ২০০০০ | ২২.০০০ | ০.৩০০ | ০.২০০ | ০.৫০০ | ২২.৫০০ |
| ২১ | শরীয়তপুর | ৪০০০ | ২০০০০ | ২২.০০০ | ০.৩০০ | ০.২০০ | ০.৫০০ | ২২.৫০০ |
| | মোট | ১০০০০০ | ৫০০০০০ | ৫৫০.০০০ | ৭.৫০০ | ৫.০০০ | ১২.৫০০ | ৫৬২.৫০০ |

<u>মন্তব্য:</u>

*** প্রত্যেক কৃষক দেশি জাতের ৫টি করে নারিকেলের চারা পাবেন।**

**** প্রতিটি চারার মূল্য ১১০.০০ টাকা ধরা হয়েছে।**

০৩। '২০২২-২৩ অর্থ বছরে দেশি জাতের নারিকেল চারা ব্যবহারের মাধ্যমে চারা বিতরণ প্রণোদনা কর্মসূচির বাস্তবায়ন পদ্ধতি'ও 'কৃষক তথ্য ছক' মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্সঙ্গে সংযুক্ত করা হলো।

০৪। **কর্মসূচির বাস্তবায়ন এবং এ সংক্রান্ত অর্থ ব্যয়ের শর্তাবলী:**

১. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA' ২০০৬ ও PPR' ২০০৮ (সংশোধনীসহ) অনুসরণপূর্বক প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে। কোন অবস্থায়ই কর্মসূচির বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত অর্থ ব্যয় করা যাবে না। জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি বরাদ্দকৃত সকল অর্থ উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার এর অনুকূলে ছাড় করতে হবে;

২. ছাড়কৃত অর্থ ব্যয়সহ এ কার্যক্রম বাস্তবায়নে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

৩. কর্মসূচি প্রাপ্তির পর যথাসম্ভব দ্রুত জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি বিগত বছরের নারিকেল চারা ফসল আবাদের জমি এবং চলতি ২০২২-২৩ অর্থবছরে নারিকেল চারা ফসল আবাদ সম্ভাবনার নিরীখে উপযুক্ততা ও লক্ষ্যমাত্রা নির্ধারণ করে কর্মসূচির উপজেলাওয়ারী বিভাজনের পর উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি সভা করে ইউনিয়নভিত্তিক বিভাজন করবেন এবং তদানুযায়ী সংশ্লিষ্ট উপসহকারী কৃষি কর্মকর্তাগণ ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক নির্বাচন করে অগ্রাধিকার খসড়া তালিকা প্রস্তুত করবেন। জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিয়ন্ত্রণে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি উক্ত খসড়া তালিকা (প্রয়োজনে সংযোজন ও বিয়োজন করে) অনুমোদন, উপকরণ বিতরণ প্রভৃতি কার্যক্রম বরাদ্দকৃত অর্থের মধ্যে এ পদ্ধতি ও সরকারি আদেশে বর্ণিত শর্তাবলী অনুযায়ী বাস্তবায়ন করবেন। উপজেলা ও জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক কৃষক তালিকা চূড়ান্ত করার পর 'কৃষক তথ্য ছক' পূরণ করে এর সফটকপি উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক উপকরণ বিতরণ কার্যক্রম শুরুর পূর্বে পরিচালক (সরেজমিন উইং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে (E-mail-admonitoring@dae.gov.bd) প্রেরণ করবে। পরবর্তীতে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক সম্বলিতভাবে সরকারি ই-মেইল আইডি যোগে কৃষি মন্ত্রণালয়ে (E-mail- input2@moa.gov.bd ও moa.input2@gmail.com) আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে;

৪. সংশ্লিষ্ট ব্লকের উপ-সহকারী কৃষি অফিসার এ কর্মসূচির জন্য মনোনীত (অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত) প্রত্যেক কৃষকের স্ট্যাম্প সাইজের ছবিযুক্ত কৃষি কার্ডের উপকরণ সহায়তা অংশে যথাযথভাবে উপকরণের পরিমাণ লিপিবদ্ধ করে যথারীতি মাস্টাররোল সংরক্ষণপূর্বক উপকরণ বিতরণ করবেন। কৃষি উপকরণ কার্ড না থাকলে মাস্টাররোলে অবশ্যই উপকরণ গ্রহণকারী কৃষকের স্ট্যাম্প সাইজের ছবি, জাতীয় পরিচয় পত্র ও মোবাইল নম্বর যুক্ত করতে হবে। মাস্টার রোলে উপকরণ গ্রহণকারী কৃষক স্বাক্ষর/টিপসহি প্রদান করবেন। উপ-সহকারী কৃষি অফিসার এতে স্বাক্ষর করবেন এবং উপজেলা কৃষি অফিসার এতে প্রতিস্বাক্ষর করবেন;

৫. কর্মসূচির আওতাভুক্ত ২১ জেলায় বসতবাড়িতে নারিকেল চাষের উপযোগী জমি ও উপযুক্ত আগ্রহী ৫ অথবা ১০ জন কৃষক নির্বাচন করা, যাদের বসতবাড়ি পাশাপাশি বা একই পাড়ায় থাকবে এবং যারা দলবদ্ধভাবে কাজ করবে। অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত প্রতি কৃষক পরিবারকে শুধুমাত্র বসতবাড়িতে নারিকেল চারা রোপনের জন্য প্রণোদনা সহায়তা প্রদান করা যাবে;

৬. কর্মসূচি প্রাপ্তির পর যথাসম্ভব দ্রুত জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি বসতবাড়িতে নারিকেল চাষ সম্ভাবনার নিরীখে লক্ষ্যমাত্রা নির্ধারণ করে কর্মসূচির উপজেলাওয়ারী বিভাজন করবেন;

৭. পরিবহন ব্যয় জেলা হতে উপজেলার দূরত্ব ও ব্যয়ের বাস্তবতার নিরিখে জেলা কমিটি উপজেলাওয়ারী বিভাজন ও বরাদ্দ প্রদান করবেন;

৮. খরিপ-২/২০২২-২৩ মৌসুমে নারিকেল চাষে সহযোগিতার জন্য অনুমোদিত অগ্রাধিকার তালিকাভূক্ত প্রতি কৃষক ৫ (পাঁচ)টি নারিকেল চারা সহায়তা পাবেন;

৯. উপকরণ বিতরণে সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত এসএএওগণ কারিগরি সহায়তা প্রদান করবেন;

১০. বিএডিসি হতে প্রয়োজনীয় নারিকেল চারা সংগ্রহ করতে হবে। কোন কারণে বিএডিসি নারিকেল চারা সরবরাহে ব্যর্থ হলে পরিচালক, সরেজমিন উইং মহোদয়ের সাথে পরামর্শক্রমে উপযুক্ত উৎস থেকে সংগ্রহ করতে হবে;

১১. প্রণোদনা কার্যক্রম বাস্তবায়নে অর্থাৎ মানসম্পন্ন চারা বিতরণ ও রোপন সম্পর্কে কৃষককে নিয়মিত পরামর্শ/প্রশিক্ষণ প্রদানসহ উপসহকারী কৃষি কর্মকর্তা থেকে উর্ধ্বতন পর্যায়ের কর্মকর্তাগণ নিবিড়ভাবে পর্যবেক্ষণ করবেন;

১২. উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি প্রণোদনার জন্য প্রদত্ত উপকরণ বিতরণের নিমিত্ত ব্লক/ ইউনিয়ন ভিত্তিক বিতরণ রেজিস্টার, সংশ্লিষ্ট কৃষকের তালিকাসহ যাবতীয় হিসাবাদি ও কাগজপত্র সংরক্ষণ করবেন এবং উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংশ্লিষ্ট উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের নিকট প্রেরণ করবেন। উপপরিচালক সংশ্লিষ্ট জেলার উপজেলা থেকে প্রাপ্ত উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংরক্ষণ করবেন এবং ১ কপি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালকের নিকট প্রেরণ করবেন। এর ০১ (এক) কপি ২১জেলার জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন কমিটি নিকট প্রেরণ করতে হবে। এছাড়া, বিতরণকৃত এ তালিকা ডিএই'র জেলা ও উপজেলা কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে;

১৩. কর্মসূচির প্রকৃত সুফল প্রাপ্তির জন্য যথাসম্ভব দ্রুত এ কার্যক্রম বাস্তবায়ন সমাপ্ত হবে, কোনোভাবেই বিলম্বে গ্রহণযোগ্য হবে না। প্রণোদনা কার্যক্রম শেষ হওয়ার ১০ (দশ) কর্মদিবসের মধ্যে এ অর্থ ব্যয়ের বিস্তারিত বিবরণী ও সমন্বয় বিবরণী (অব্যয়িত অর্থ জমা দেয়ার চালানের ছায়ালিপিসহ) অর্থ বিভাগে প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলার উপপরিচালক ও সদস্য সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক সরকারি ই-মেইলের মাধ্যমে input2@moa.gov.bd/ moa.input2@gmail.com তে প্রেরণ করতে হবে। পরিচালক, সরেজমিন উইং, উক্ত তথ্য কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়টি নিশ্চিত করবেন। উক্ত সমন্বয় বিবরণীর ০১ (এক) কপি ২১ জেলার জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন কমিটি নিকটও প্রেরণ করতে হবে; এবং

১৪. এ কার্যক্রম বাস্তবায়নে চলমান অন্যান্য পুনর্বাসন কার্যক্রমের সাথে দ্বৈততা যাতে না হয়, সে বিষয়টি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরকে নিশ্চিত করতে হবে।

আপনার বিশ্বস্ত,

স্বাঃ/

নাইমা আফরোজ ইমা
সিনিয়র সহকারী সচিব

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০০৯.২৩.১৮২

তারিখ : ২৩ জ্যৈষ্ঠ ১৪৩০ / ০৬ জুন ২০২৩

আদেশের ০৪ (চার) কপি এতদ্সঙ্গে প্রেরণ করা হলো। আদেশের এক কপি পৃষ্ঠাঙ্কনপূর্বক চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা বরাবর প্রেরণ করার জন্য অর্থ বিভাগকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাঃ/

নাইমা আফরোজ ইমা
সিনিয়র সহকারী সচিব
ফোন নং ০২৫৫১০০৯৬৪
E-mail-input2@moa.gov.bd/
moa.input2@gmail.com

নং-

তারিখ :

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশের অনুলিপি চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা এর নিকট প্রেরিত হলো। এতে অর্থ বিভাগের সম্মতি রয়েছে।

(হোসেন আহমেদ)
উপসচিব
বাজেট-২০ শাখা
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০০৯.২৩.১৮২

তারিখ : ২৩ জ্যৈষ্ঠ ১৪৩০ / ০৬ জুন ২০২৩

অনুলিপি : জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতা ক্রমানুসারে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, ৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৪. চেয়ারম্যান, বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাষ্ট্রিজ কর্পোরেশন, বিসিআইসি ভবন, ৩০-৩১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৫. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা। **(বাস্তবায়ন পদ্ধতি এবং উল্লিখিত শর্তাবলীর আলোকে কার্যক্রম সমাপ্ত হওয়ার পর যথাসময়ে সমন্বয় বিবরণী প্রেরণ নিশ্চিত করণের অনুরোধসহ)**
৬. অতিরিক্ত সচিব, (সার ব্যবস্থাপনা ও উপকরণ/ সম্প্রসারণ/প্রশাসন) অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. মহাপরিচালক (বীজ), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট ২১ জেলা)।
৯. উপসচিব, প্রশাসন-৪ (বাজেট) অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(আইবাস ++ এ এন্ট্রি প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য)।**
১০. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. সিনিয়র তথ্য অফিসার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. উপপ্রধান (কৃষি অর্থনীতিবিদ), সার ব্যবস্থাপনা ও উপকরণ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য-সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট ২১ টি জেলা)।
১৫. উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা)।
১৬. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সংশ্লিষ্ট ২১ টি জেলা) **(জি.ওর বাস্তবায়ন পদ্ধতি/শর্ত মোতাবেক এ প্রণোদনা কার্যক্রম সমাপ্ত হওয়ার ১০ (দশ) কর্মদিবসের মধ্যে ব্যয়ের সমন্বয় বিবরণী প্রস্তুতের সহযোগিতা প্রদানের অনুরোধসহ)**
১৭. উপজেলা কৃষি অফিসার ও সদস্য-সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা) **(জি.ওর বাস্তবায়ন পদ্ধতি/শর্ত মোতাবেক এ প্রণোদনা কার্যক্রম সমাপ্ত হওয়ার পর ১০ (দশ) কর্মদিবসের মধ্যে খরচের সমন্বয় করে মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে প্রেরণের জন্য)।**
১৮. সহকারী প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।**
১৯. হিসাবরক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৬/০৬/২০২৩

নাইমা আফরোজ ইমা
সিনিয়র সহকারী সচিব
E-mail-input2@moa.gov.bd/
moa.input2@gmail.com

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**কৃষি মন্ত্রণালয়**
**উপকরণ-২ শাখা**

‘২০২২-২৩ **অর্থবছরে কৃষকদের মাঝে** নারিকেল চারা ব্যবহারের মাধ্যমে উৎপাদন **বৃদ্ধির প্রণোদনা** কর্মসূচির বাস্তবায়ন পদ্ধতি’

**প্রণোদনার উদ্দেশ্যঃ**

১. নারিকেল আবাদে কৃষকদের উৎসাহিতকরণ, আবাদের এলাকা সম্প্রসারণ ও উৎপাদন বৃদ্ধিকরণ ;
২. কৃষককে নারিকেল উৎপাদনে আধুনিক কৃষি প্রযুক্তি ব্যবহার সম্পর্কে দক্ষ করে তোলা; এবং
৩. নারিকেল আবাদ বৃদ্ধি ও রপ্তানির মাধ্যমে কৃষকের আয় বৃদ্ধি করা।

**প্রণোদনা কার্যক্রমের যৌক্তিকতাঃ**

দেশের দক্ষিণে উপকূলীয় অঞ্চলে ব্যাপকভাবে নারিকেলের আবাদ হয়ে থাকে। এক্ষেত্রে স্থানীয় জাতসমূহ উপকূলীয় অঞ্চলের জন্য উপযোগী হওয়ায় দেশীয় বাজারে কচি ডাব হিসেবে এবং ঝুনা নারিকেলের প্রক্রিয়াজাতকরণ শিল্পে বেশ চাহিদা রয়েছে। বাংলাদেশের দক্ষিণাঞ্চলে টেকসই কৃষিকে বেগবান করতে স্থানীয় জাতের নারিকেলের চাষ করার মাধ্যমে স্থানীয়ভাবে নারিকেল আবাদ ও উৎপাদন বৃদ্ধিতে কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জনের জন্য এ কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

**প্রত্যাশিত সুফলঃ**

প্রস্তাবিত এ কর্মসূচি বাস্তবায়িত হলে ৫ লক্ষ নারিকেল চারা রোপণের মাধ্যমে বসতবাড়ি পর্যায়ে নারিকেল চাষ বৃদ্ধি করা সম্ভব হবে। প্রতিটি গাছ থেকে ৫ বছর পর ১০০টি নারিকেল ফল ধরা হিসেবে এর থেকে প্রতি বছর প্রায় ৫ কোটি নারিকেল ফল উৎপাদিত হবে। যার ৫০% (২.৫ কোটি) কচি নারিকেল বা ডাব হিসেবে বিক্রি হবে এবং প্রতিটি ডাবের মূল্য ১২০.০০ হিসেবে মোট ডাবের মূল্য ৩০০০০.০০ লক্ষ টাকা এবং বাকি ৫০% (২.৫ কোটি) নারিকেলের প্রতিটির মূল্য ৮০.০০ টাকা হিসেবে ২০০০০.০০ লক্ষ টাকা পাওয়া যাবে। অর্থাৎ মোট প্রাপ্ত মূল্য ৫০০০০.০০ লক্ষ টাকা। অন্যান্য খরচসহ কর্মসূচিভূক্ত ৫ লক্ষ নারিকেল চারার মোট উৎপাদন খরচ ৫৫৬২.৫০ লক্ষ টাকা। অর্থ্যাৎ ১ টাকা খরচ করে আয় হবে ৮.৯৯ টাকা।

## বাস্তবায়ন নীতিমালা

১. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA’ ২০০৬ ও PPR’ ২০০৮ (সংশোধনীসহ) অনুসরণপূর্বক প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে। কোন অবস্থায়ই কর্মসূচির বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত অর্থ ব্যয় করা যাবে না। জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি বরাদ্দকৃত সকল অর্থ উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার এর অনুকূলে ছাড় করতে হবে;

২. ছাড়কৃত অর্থ ব্যয়সহ এ কার্যক্রম বাস্তবায়নে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

৩. কর্মসূচি প্রাপ্তির পর যথাসম্ভব দ্রুত জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি বিগত বছরের নারিকেল চারা ফসল আবাদের জমি এবং চলতি ২০২২-২৩ অর্থবছরে নারিকেল চারা ফসল আবাদ সম্ভাবনার নিরীখে উপযুক্ততা ও লক্ষ্যমাত্রা নির্ধারণ করে কর্মসূচির উপজেলাওয়ারী বিভাজনের পর উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি সভা করে ইউনিয়নভিত্তিক বিভাজন করবেন এবং তদানুযায়ী সংশ্লিষ্ট উপসহকারী কৃষি কর্মকর্তাগণ ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক নির্বাচন করে অগ্রাধিকার খসড়া তালিকা প্রস্তুত করবেন। জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিয়ন্ত্রণে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি উক্ত খসড়া তালিকা (প্রয়োজনে সংযোজন ও বিয়োজন করে) অনুমোদন, উপকরণ বিতরণ প্রভৃতি কার্যক্রম বরাদ্দকৃত অর্থের মধ্যে এ পদ্ধতি ও সরকারি আদেশে বর্ণিত শর্তাবলী অনুযায়ী বাস্তবায়ন করবেন। উপজেলা ও জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক কৃষক তালিকা চূড়ান্ত করার পর ‘কৃষক তথ্য ছক’ পূরণ করে এর সফটকপি উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক উপকরণ বিতরণ কার্যক্রম শুরুর পূর্বে পরিচালক (সরেজমিন উইং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে (E-mail- admonitoring@dae.gov.bd) প্রেরণ করবে। পরবর্তীতে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক সম্বলিতভাবে সরকারি ই-মেইল আইডি যোগে কৃষি মন্ত্রণালয়ে (E-mail- input2@moa.gov.bd ও moa.input2@gmail.com) আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে;

৪. সংশ্লিষ্ট ব্লকের উপ-সহকারী কৃষি অফিসার এ কর্মসূচির জন্য মনোনীত (অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত) প্রত্যেক কৃষকের স্ট্যাম্প সাইজের ছবিযুক্ত কৃষি কার্ডের উপকরণ সহায়তা অংশে যথাযথভাবে উপকরণের পরিমাণ লিপিবদ্ধ করে যথারীতি মাস্টাররোল সংরক্ষণপূর্বক উপকরণ বিতরণ করবেন। কৃষি উপকরণ কার্ড না থাকলে মাস্টাররোলে অবশ্যই উপকরণ গ্রহণকারী কৃষকের স্ট্যাম্প সাইজের ছবি, জাতীয় পরিচয় পত্র ও মোবাইল নম্বর যুক্ত করতে হবে। মাস্টার রোলে উপকরণ গ্রহণকারী কৃষক স্বাক্ষর/টিপসহি প্রদান করবেন। উপ-সহকারী কৃষি অফিসার এতে স্বাক্ষর করবেন এবং উপজেলা কৃষি অফিসার এতে প্রতিস্বাক্ষর করবেন;

৫. কর্মসূচির আওতাভুক্ত ২১ জেলায় বসতবাড়িতে নারিকেল চাষের উপযোগী জমি ও উপযুক্ত আগ্রহী ৫ অথবা ১০ জন কৃষক নির্বাচন করা, যাদের বসতবাড়ি পাশাপাশি বা একই পাড়ায় থাকবে এবং যারা দলবদ্ধভাবে কাজ করবে। অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত প্রতি কৃষক পরিবারকে শুধুমাত্র বসতবাড়িতে নারিকেল চারা রোপনের জন্য প্রণোদনা সহায়তা প্রদান করা যাবে;

৬. কর্মসূচি প্রাপ্তির পর যথাসম্ভব দ্রুত জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি বসতবাড়িতে নারিকেল চাষ সম্ভাবনার নিরীখে লক্ষ্যমাত্রা নির্ধারণ করে কর্মসূচির উপজেলাওয়ারী বিভাজন করবেন;

৭. পরিবহন ব্যয় জেলা হতে উপজেলার দূরত্ব ও ব্যয়ের বাস্তবতার নিরিখে জেলা কমিটি উপজেলাওয়ারী বিভাজন ও বরাদ্দ প্রদান করবেন;

৮. খরিপ/২০২২-২৩ মৌসুমে নারিকেল চাষে সহযোগিতার জন্য অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত প্রতি কৃষক ৫ (পাঁচ)টি নারিকেল চারা সহায়তা পাবেন;

৯. উপকরণ বিতরণে সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত এসএএওগণ কারিগরি সহায়তা প্রদান করবেন;

১০. বিএডিসি হতে প্রয়োজনীয় নারিকেল চারা সংগ্রহ করতে হবে। কোন কারণে বিএডিসি নারিকেল চারা সরবরাহে ব্যর্থ হলে পরিচালক, সরেজমিন উইং মহোদয়ের সাথে পরামর্শক্রমে উপযুক্ত উৎস থেকে সংগ্রহ করতে হবে;

১১. প্রণোদনা কার্যক্রম বাস্তবায়নে অর্থাৎ মানসম্পন্ন চারা বিতরণ ও রোপন সম্পর্কে কৃষককে নিয়মিত পরামর্শ/প্রশিক্ষণ প্রদানসহ উপসহকারী কৃষি কর্মকর্তা থেকে উর্ধ্বতন পর্যায়ের কর্মকর্তাগণ নিবিড়ভাবে পর্যবেক্ষণ করবেন;

১২. উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি প্রণোদনার জন্য প্রদত্ত উপকরণ বিতরণের নিমিত্ত ব্লক/ইউনিয়ন ভিত্তিক বিতরণ রেজিস্টার, সংশ্লিষ্ট কৃষকের তালিকাসহ যাবতীয় হিসাবাদি ও কাগজপত্র সংরক্ষণ করবেন এবং উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংশ্লিষ্ট উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের নিকট প্রেরণ করবেন। উপপরিচালক সংশ্লিষ্ট জেলার উপজেলা থেকে প্রাপ্ত উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংরক্ষণ করবেন এবং ১ কপি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালকের নিকট প্রেরণ করবেন। এর ০১ (এক) কপি ২১জেলার জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন কমিটি নিকট প্রেরণ করতে হবে। এছাড়া, বিতরণকৃত এ তালিকা ডিএই'র জেলা ও উপজেলা কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে;

১৩. কর্মসূচির প্রকৃত সুফল প্রাপ্তির জন্য যথাসম্ভব দ্রুত এ কার্যক্রম বাস্তবায়ন সমাপ্ত হবে, কোনোভাবেই বিলম্বে গ্রহণযোগ্য হবে না। প্রণোদনা কার্যক্রম শেষ হওয়ার ১০ (দশ) কর্মদিবসের মধ্যে এ অর্থ ব্যয়ের বিস্তারিত বিবরণী ও সমন্বয় বিবরণী (অব্যয়িত অর্থ জমা দেয়ার চালানের ছায়ালিপিসহ) অর্থ বিভাগে প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলার উপপরিচালক ও সদস্য সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক সরকারি ই-মেইলের মাধ্যমে input2@moa.gov.bd/ moa.input2@gmail.com তে প্রেরণ করতে হবে। পরিচালক, সরেজমিন উইং, উক্ত তথ্য কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়টি নিশ্চিত করবেন। উক্ত সমন্বয় বিবরণীর ০১ (এক) কপি ২১ জেলার জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন কমিটি নিকটও প্রেরণ করতে হবে; এবং

১৪. এ কার্যক্রম বাস্তবায়নে চলমান অন্যান্য পুনর্বাসন কার্যক্রমের সাথে দ্বৈততা যাতে না হয়, সে বিষয়টি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরকে নিশ্চিত করতে হবে।

০৭/০৬/২০২৩

নাইমা আফরোজ ইমা
সিনিয়র সহকারী সচিব
কৃষি মন্ত্রণালয়

**(পুনর্বাসন/ প্রণোদনা কার্যক্রম মনিটরিংয়ের জন্য 'কৃষক তথ্য' ছক (সরকারি ই-মেইলের মাধ্যমে E-mail-input2@moa.gov.bd/ moa.input2@gmail.com-এ প্রেরণ করতে হবে সে ক্ষেত্রে কর্মকর্তার স্বাক্ষরের প্রয়োজন নেই)**

জেলা ও উপজেলার নাম:
ইউনিয়ন/ পৌরসভার নাম :
গ্রাম/মহল্লা/ওয়ার্ড নং:

| নং | কৃষকের নাম | পিতার ও মাতার নাম | কৃষকের জাতীয় পরিচয় পত্রের নম্বর | কৃষকের মোবাইল নম্বর | চারার সংখ্যা | ফসল উৎপাদন পর্যন্ত সার, বীজ কীটনাশক এর ব্যবহার/ ম্যানেজম্যান্টের জন্য উঠান বৈঠকের সম্ভাব্য সংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |